গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
ডায়েরী নম্বর: ৯৭৩ 26 FEB 2023

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫০/২(৫০)

তারিখ: ২৩.০২.২০২৩ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালে ভর্তিকৃত ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ ও HSP MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ম্যানুয়াল অনুযায়ী ২০২৩ সালের ৬ষ্ঠ এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ, যাচাই এবং HSP-MIS এ তথ্য এন্ট্রির বিষয়ে নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। HSP-MIS এ তথ্য এন্ট্রি ও প্রেরণ:

২০২৩ সালের ৬ষ্ঠ, ৯ম (শর্ত সাপেক্ষে) এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তির জন্য আবেদন ফরম বিতরণ, শিক্ষার্থী কর্তৃক যথানিয়মে আবেদন ফরম পূরণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে জমাদান, HSP ম্যানুয়াল মোতাবেক প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে শিক্ষার্থীর তথ্য যাচাই-বাছাই, তালিকা প্রণয়ন এবং তালিকা মোতাবেক শিক্ষার্থীদের তথ্য আগামী **২৭.০২.২০২৩** তারিখ হতে শুরু করে **১৯.০৩.২০২৩** তারিখের মধ্যে HSP-MIS এ নির্ভুলভাবে এন্ট্রি করে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ তথ্য এন্ট্রি এবং প্রেরণ সুবিধাটি **১৯.০৩.২০২৩** তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সকল উপজলো/থানা মাধ্যমকি শিক্ষা কর্মকর্তা উপজেলা/থানা পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ এন্ট্রিকৃত এবং উপজেলায় প্রাপ্ত তথ্যাদি যাচাই-বাছাই করে আগামী **২২.০৩.২০২৩** তারিখের মধ্যে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে HSP/PMEAT-এ প্রেরণ করতে হবে।

৩। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাধীন এলাকা:

দেশের সকল ভৌগোলিক এলাকার (মেট্রোপলিটন ও পৌর এলাকাসহ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল স্কুল-কলেজ এবং মাদ্রাসা এই কর্মসূচির আওতাভুক্ত হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ভর্তিকৃত শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না।

৪। উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া:

দারিদ্র্য ও প্রক্সি মিন্স টেস্টিং যৌথ পদ্ধতির মাধ্যমে প্রাতিষ্ঠানিক পর্যায়ে তথ্যাদি যাচাই বাছাই এবং একটি বিশেষায়িত সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হবে। শুধুমাত্র ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির শিক্ষার্থীরা এ কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন করতে পারবে। তবে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা যারা উপবৃত্তি কর্মসূচি বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৮ম শ্রেণি পাস করে নতুন ভর্তি হয়েছে তারা উপবৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে নিজ শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণির কোন শিক্ষার্থী উপবৃত্তির জন্য আবেদন করতে পারবে না। শিক্ষার্থী অন্য কোনো সরকারি উৎস থেকে উপবৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। **এছাড়াও, শিক্ষা বোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।**

৫। শতভাগ উপবৃত্তি প্রদান:

নিম্নবর্ণিত ১০ টি উপজেলার আবেদনকারী সকল শিক্ষার্থী সরাসরি উপবৃত্তির জন্য নির্বাচিত হবে।

| ক্র. নং | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|
| ০১ | চট্টগ্রাম | বান্দরবান | নাইক্ষ্যংছড়ি |
| ০২ | | | আলিকদম |
| ০৩ | রংপুর | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সদর |
| ০৪ | | | চর রাজিবপুর |
| ০৫ | | | চিলমারী |
| ০৬ | | | উলিপুর |
| ০৭ | | | ভরুঙ্গামারী |
| ০৮ | | দিনাজপুর | কাহারোল |
| ০৯ | | | খানসামা |
| ১০ | ঢাকা | কিশোরগঞ্জ | কুলিয়ারচর |

৬। উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া:

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নীতিমালা ও গাইডলাইন অনুসরণের মাধ্যমে সারাদেশে ৬ষ্ঠ, ৯ম (শর্ত সাপেক্ষে) ও ১১শ শ্রেণির আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন করা হবে।

উপকারভোগী শিক্ষার্থী নির্বাচনে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে-

- দারিদ্র্য নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Household Income & Expenditure Survey 2016 (HIES-২০১৬) এ ব্যবহৃত প্রশ্নমালার উপর ভিত্তি করে একটি নমুনা আবেদনপত্রে (সংলগ্নী-১) আবেদন করতে হবে।
- প্রাতিষ্ঠানিক ও উপজেলা/মেট্রোপলিটান এলাকার উপদেষ্টা কমিটি শিক্ষার্থীর আবেদনের তথ্যাদির সত্যতা যাচাই বাছাই করার জন্য দায়ী থাকবে।
- আবেদনপত্রসমূহের তথ্যাদি যাচাই বাছাই শেষে প্রতিষ্ঠান পর্যায়ে HSP MIS এ সকল তথ্য এন্ট্রি করতে হবে।
- তথ্য এন্ট্রির পর প্রতিষ্ঠান থেকেই তথ্যাদি অনলাইনে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।
- উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপবৃত্তির জন্য উপজেলা/থানায় প্রেরিত সকল আবেদনপত্র উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটির বিবেচনার জন্য পেশ করবেন এবং এডভাইজারি কমিটির অনুমোদন নিয়ে নির্বাচিত শিক্ষার্থীর তথ্য উপজেলা/থানা হতে HSP/PMEAT-তে প্রেরণ করবেন।
- সারাদেশের উপবৃত্তি উপকারভোগী শিক্ষার্থী কেন্দ্রীয়ভাবে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসের MIS Cell-এর প্রযুক্তিগত সহায়তায় HSP (Harmonized Stipend Program) Unit কর্তৃক নির্বাচিত হবে।
- উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন লৈঙ্গিক ভিত্তিতে নয় বরং দারিদ্র্যের ভিত্তিতে নির্বাচিত হবে। ফলে এই প্রক্রিয়ায় নির্বাচিত ছাত্র-ছাত্রীর সংখ্যা কম বেশি হতে পারে।
- শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রাক্তন ছিটমহলের বাসিন্দা এবং বীর মুক্তিযোদ্ধার প্রজন্ম যথাযথ যাচাই বাছাইয়ের পর সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে। তবে এই ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যায়ন পত্রের সত্যায়িত কপি MIS-এ সংযুক্ত এবং সংরক্ষণ করতে হবে। **উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি HSP-MIS এ সংযুক্ত না করলে আবেদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।** এছাড়াও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রেও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি MIS-এ সংযুক্ত এবং সংরক্ষণ করতে হবে
- সকল শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৭। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

৮। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি:

প্রাতিষ্ঠানিক পর্যায়ের কমিটি শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদি যথাযথভাবে যাচাই-বাছাই করবেন। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই-বাছাই করবেন। আবেদনপত্রের সত্যতা যাচাই বাছাই শেষে শিক্ষার্থীদের তথ্যাদি HSP-MIS এ এন্ট্রি করে "শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনপত্রের সকল তথ্যাদি সঠিক আছে" মর্মে একটি প্রত্যয়নপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন এবং আবেদনপত্রের হার্ডকপিসমূহ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। তবে প্রতিষ্ঠান পর্যায়ের কমিটিতে উপকারভোগী নির্বাচনে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে। এই কমিটি প্রয়োজনে যেকোনো সময়ে সভায় মিলিত হতে পারবে।

৯। টিউশন ফি মওকুফ:

সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি/বেতন মওকুফ থাকবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে স্কিম ডকুমেন্ট মোতাবেক নির্ধারিত হারে টিউশন ফি/বেতন প্রদান করা হবে। উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে কোনক্রমেই টিউশন ফি/বেতন আদায় করা যাবে না।

১০। নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তি:

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি প্রদান করা হলে উক্ত প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হতে পারবে। সেক্ষেত্রে HSP-MIS এর ইউজার আইডি ও পাসওয়ার্ডের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে স্কিম পরিচালক বরাবর আবেদন করতে হবে।

১১। তথ্য এন্ট্রি:

- একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থী/অভিভাবকের বিপরীতে ব্যবহার করা যাবে না।
- **একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত কেবলমাত্র একজন শিক্ষার্থীর বিপরীতে ব্যবহার করা যাবে।**
- শিক্ষার্থীর জন্মসনদ নম্বর অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ সংখ্যা) অবশ্যই এন্ট্রি করতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্মসালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।
- **শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভবাক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।**

- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- HSP-MIS এ তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে।

১২। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

১৩। ইউজার আইডি ও পাসওয়ার্ড:

শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

১৪। হেল্প লাইন নম্বর: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২৬/০২/২৬

**সংযুক্তিঃ: শিক্ষার্থীর আবেদন ফরম।**

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
০৮। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)
০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১৩। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১৫। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS এ শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।

# শিক্ষার্থী আবেদন ফরম

ছবি

ভর্তির শিক্ষাবর্ষ: ২০২৩/২০২২-২৩ অর্থ বছর: ২০২২-২০২৩

## ব্যক্তিগত তথ্য

শিক্ষার্থীর নাম (বাংলা): শিক্ষার্থীর নাম (ইংরেজি):

পিতার এনআইডি: পিতার জন্ম তারিখ:

(১০ অথবা ১৭ ডিজিট)

পিতার নাম (বাংলা): পিতার নাম (ইংরেজি):

মাতার এনআইডি: মাতার জন্ম তারিখ:

(১০ অথবা ১৭ ডিজিট)

মাতার নাম (বাংলা): মাতার নাম (ইংরেজি):

শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর: শিক্ষার্থীর জন্ম তারিখ:

(১৭ ডিজিট)

শিক্ষার্থীর জেন্ডার: পুরুষ / মহিলা / তৃতীয় লিঙ্গ (তৃতীয় লিঙ্গ হলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)

স্থায়ী ঠিকানা:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

## শিক্ষা সংক্রান্ত তথ্য:

পূর্ববর্তী শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | পূর্ববর্তী শ্রেণী | |
| জেলা | | পূর্ববর্তী পরীক্ষার নাম | |
| উপজেলা | | রেজিষ্ট্রেশন নং (১১শ শ্রেণির জন্য) | |
| পৌরসভা | | ফলাফল (জিপিএ) (১১শ শ্রেণির জন্য) | |
| বোর্ড | | উত্তীর্ণ হওয়ার বছর | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

বর্তমান শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | শ্রেণী | |
| জেলা | | বিভাগ (গ্রুপ) | |
| উপজেলা | | শাখা | |
| পৌরসভা | | রোল | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

## অভিভাবকের তথ্য:

| | | | |
|---|---|---|---|
| সম্পর্ক: (পিতা/মাতা/অন্যান্য) | | জন্ম সনদ নম্বর | |
| অভিভাবকের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | | জন্ম তারিখ | |
| নাম (বাংলা) | | নাম (ইংরেজি) | |
| পেশা | | মোবাইল | |
| ই-মেইল(যদি থাকে) | | | |

## অভিভাবকের স্থায়ী ঠিকানা:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

## সিলেকশন ক্রাইটেরিয়া (টিক দিতে হবে)

১। কে আবেদনকারীর পড়ালেখার খরচ বহন করে? (মা /বাবা /মা-বাবা ব্যতীত অন্য অভিভাবক)

২। আবেদনকারী কি বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিবারের সদস্য? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম লিখতে হবে)

৩। আবেদনকারী কি মুক্তিযোদ্ধার প্রজন্ম? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে বীর মুক্তিযোদ্ধার নাম ও সম্পর্ক এবং প্রমাণপত্র দিতে হবে।)

৪।অভিভাবকের শিক্ষাগত যোগ্যতা (নিরক্ষর/ স্নাতক পর্যায়ে নিম্নে/স্নাতক বা তদুর্ধ্ব)

৫।অভিভাবকের স্বামী/স্ত্রীর শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/ সমমানের নিম্নে/ সমমান বা তদুর্ধ্ব)

৬।আবেদনকারী কি সরকারি কোনো উৎস থেকে উপবৃত্তি/শিক্ষাভাতা পান? (হ্যাঁ/না)

৭।আবেদনকারীর কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)

৮।আবেদনকারীর অভিভাবকের কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)

৯।আবেদনকারীর বাবা-মা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)

১০।আবেদনকারী কি জন্মগতভাবে দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)

১১।আবেদনকারীর অভিভাবক কি জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী কোন রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)

১২। আবেদনকারীর মা-বাবা-অভিভাবকের সুনির্দিষ্ট কোনো মাসিক আয়ের উৎস আছে? (হ্যাঁ/না)

১৩।আবেদনকারীর অভিভাবকের শহরে/গ্রামীণ এলাকায় মাসিক সুনির্দিষ্ট আয়ের উৎস আছে? (শহরে/গ্রামে)

১৪। পরিবারের কয়জন সদস্য চাকুরি করেন? (কেউ না/একজন/দুইজন/দুইজনের অধিক)

১৫।আবেদনকারীর অভিভাবক কোনো উৎস থেকে কি কোনো আয় করেন? (না/দোকান/হাঁস-মুরগীর খামার/পরিবহণ ব্যবসা/মৎস্য খামার/কৃষিকাজ/অন্যান্য)

১৬।মা-বাবা দুজনেই/একজন জীবিত আছেন/একজনও জীবিত নেই (দুইজন জীবিত/একজন জীবিত/কেউ জীবিত নেই)

১৭।আঠারো বছরের নীচে পরিবারের সদস্য সংখ্যা (দুই অথবা দুই এর নিচে/দুই এর অধিক)

১৮।আবেদনকারী কোন এলাকায় বাস করে? (পাহাড়ি এলাকা/হাওড়/চর/বস্তি এলাকা/প্রাক্তন ছিটমহল/ সমতল) (প্রাক্তণ ছিটমহল হলে প্রমাণপত্র দিতে হবে)

১৯।বাড়িতে কয়টি কক্ষ আছে? (একটি/দুইটি/তিনটি/তিনের অধিক)

২০।বাড়িতে কি বিদ্যুৎ আছে? (হ্যাঁ/না)

২১।বাড়িতে কোন ধরনের টয়লেট আছে? (পাকা/কাঁচা)

২২।বাড়িতে কি কোন টেলিভিশন আছে? (হ্যাঁ/না)

২৩।বাড়িতে কিসে রান্না হয়? (গ্যাস/বিদুৎ/কাঠ/খড়কুটো/গোবর ঘুঁটে)

২৪।বাড়ির মেঝে কী দিয়ে তৈরি? (মাটি/মাচাং/সিমেন্ট/টাইলস/অন্যান্য)

২৫।বাড়ির কক্ষের দেয়াল কী দিয়ে তৈরি? (মাটি/পাটকাঠি/বাঁশ/টিন/কাঠ/ইট)

২৬।বাড়ির ছাদ কী দিয়ে তৈরি? (ছন/গোলপাতা/খড়/টিন/মাটির টাইলস/কাঠ/আর.সি.সি/জি.আই.সিট)

২৭।অভিভাবকের মালিকানায় মোট জমির পরিমাণ (ভূমিহীন/১০ শতাংশের নীচে/উপরে)

২৮।আবেদনকারীর অভিভাবকের কোন কোন কার্ড আছে? (ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতার কার্ড/বিধবা ভাতার কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড) (থাকলে প্রমাণপত্র দিতে হবে)

## পেমেন্টের তথ্য:

| পেমেন্টের ধরন | মোবাইল ব্যাংকিং |
|---|---|
| মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী (রকেট/বিকাশ/শিওর ক্যাশ/নগদ/উপায়/এম ক্যাশ) | |
| হিসাবধারীর নাম (হিসাবধারীর নামের বানান একাউন্ট এর সাথে হুবহু মিল থাকতে হবে) | |
| একাউন্ট নম্বর/হিসাব নং | |
| একাউন্ট হোল্ডারের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | |

অথবা

| পেমেন্টের ধরন | ব্যাংকিং |
|---|---|
| ব্যাংকের নাম | |
| শাখার নাম | |
| হিসাবের ধরণ (সঞ্চয়ী হিসাব/চলতি হিসাব) | |
| হিসাবধারীর নাম (হিসাবধারীর নামের বানান একাউন্ট এর সাথে হুবহু মিল থাকতে হবে) | |
| একাউন্ট নম্বর/হিসাব নং | |
| একাউন্ট হোল্ডারের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | |